

বিদেশসচিবের নেপাল সফর

ভারতের বিদেশসচিব সীমতি সুজাতা সিং ১৪-১৫ সেপ্টেম্বর ২০১৩ নেপাল সফর করছেন। গত ১ আগস্ট ২০১৩ বিদেশসচিব পদে দায়িত্বগ্রহণ করার পর তাঁর এটাই প্রথম দ্বিপাক্ষিক বৈঠকের জন্য সফর। এই সফর প্রমাণ করছে, ভারত নেপালের সংগে সম্পর্কের বিষয়ে গুরুত্ব দেয়। এই সফর উভয় দেশের মধ্যকার অংশীদারীর পর্যালোচনা করার সুযোগ তৈরি করবে এবং নেপালের জনগণের গণতন্ত্রের প্রতি আকাঙ্ক্ষার বিষয়ে ভারতের সমর্থন পুনরুচ্চারিত হবে।

নয়াদিল্লি

১৩ সেপ্টেম্বর ২০১৩